

COVID-19 টিকা সম্পর্কিত শীর্ষস্থানীয় প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

টিকা হল বিজ্ঞানের ক্ষেত্রে বিরাট এক সাফল্য-অর্জন যার ফলে গড় আয়ু অনেক বেড়ে গেছে।
এই মহামারী সমাপ্ত করার এবং আমাদের সাধারণ জীবনে ফিরে আসার একমাত্র উপায় হল টিকা গ্রহন করা।
টিকা নিয়ে নিজে থেকে, আপনার প্রিয়জনকে এবং আপনার সম্প্রদায়কে রক্ষা করুন।

কেন আমার টিকা নেওয়া উচিত?

COVID-19 এর সংক্রমণের ফলে যে কোনও বয়সী, অসুস্থ ও স্বাস্থ্যবান মানুষ মারা যেতে পারেন।

এমনকি কোনও ব্যক্তি যদি COVID-19 এর সংক্রমণে মারা না যান তবুও তার স্মৃতিশক্তি কমে যাওয়া, ক্লান্তি বেড়ে যাওয়া, শ্বাসকষ্ট হওয়া এবং ফুসফুস ও হার্টের ক্ষতি সহ দীর্ঘমেয়াদী জটিলতা হতে পারে। ইতিমধ্যে অনেক COVID-19 রোগী, যারা এখন আর সংক্রামিত না হলেও কাজে ফিরে যেতে বা স্বাভাবিক জীবনযাপন করতে পারবেন না, তাদের সহায়তা দেওয়ার জন্য ক্লিনিক তৈরি করা হয়েছে।

টিকা কিভাবে কাজ করে?

টিকা আমাদের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাকে শেখায় যে কিভাবে ভাইরাসের বিরুদ্ধে লড়াই করা যায় এবং আমরা যদি COVID-19 এর সংস্পর্শে আসি তবে কিভাবে আমাদের অসুস্থ হওয়া থেকে রক্ষা করতে হবে। টিকা আপনার COVID-19 হওয়ার কারণ হবে না।

হার্ড ইমিউনিটি বা সমষ্টিগত প্রতিরোধ ক্ষমতা কি এবং এটি কেন গুরুত্বপূর্ণ?

পর্যাপ্ত পরিমাণে মানুষের মধ্যে প্রতিরোধ ক্ষমতা থাকলে ভাইরাস ছড়িয়ে যাওয়ার সম্ভাবনা কম থাকে। সমষ্টিগত প্রতিরোধ ক্ষমতা অর্জন করতে এবং আমাদের আগের মতো দৈনন্দিন জীবনে ফিরে যেতে, ব্যবসা-বাণিজ্যগুলি আবার শুরু করতে, প্রিয়জনদের জড়িয়ে ধরতে এবং তাদের আবার সামনাসামনি দেখতে আমাদেরকে জনসংখ্যার 70-80% মানুষকে টিকা দিতে হবে।

আমার ইতিমধ্যে COVID-19 হয়েছে। আমার কি এখনও টিকা নেওয়া উচিত?

আপনার অতীতে COVID-19 হয়ে থাকলেও প্রতিরোধ ক্ষমতা কত দিন স্থায়ী হবে তা অনিশ্চিত। আবার COVID-19 হওয়ার সম্ভাবনা রয়েছে। নিজের এবং অন্যদের সুরক্ষার জন্য আপনাকে তাও টিকা নেওয়া উচিত।

টিকা নেওয়ার পরেও কি আমাকে মাস্ক পড়তে হবে এবং দূরত্ববিধি বজায় রাখতে হবে?

হ্যাঁ! যতক্ষণ না বেশিরভাগ মানুষকে টিকা দেওয়া হচ্ছে ততক্ষণ পর্যন্ত জনস্বাস্থ্য সম্পর্কিত ব্যবস্থাগুলি মেনে চলা গুরুত্বপূর্ণ।

টিকা নেওয়ার পরে প্রতিরোধ ক্ষমতা তৈরি হতে কতটা সময় লাগবে?

টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার পরে শরীরে প্রতিরোধ ক্ষমতা গড়ে উঠতে 2 সপ্তাহ সময় লাগে। কেউ টিকা নেওয়ার ঠিক আগে বা ঠিক তার পরে ভাইরাসে আক্রান্ত হতে পারেন এবং অসুস্থ হতে পারেন, কারণ টিকা থেকে সুরক্ষা পাওয়ার মতো পর্যাপ্ত সময় পাওয়া যায়নি।

টিকা কি খুব তাড়াতাড়ি করে বের করা হয়েছিল?

কোনও পদক্ষেপ এড়িয়ে যাওয়া হয়নি, এবং সমস্ত সুরক্ষা পদ্ধতি অনুসরণ করা হয়েছিল। প্রযুক্তিগত অগ্রগতির কারণে এবং নন-মেডিকাল অনুমোদনের অংশটি (সরকারি প্রক্রিয়া এবং রাবার-স্ট্যাম্পিং) প্রাধান্য পাওয়ায় টিকার দ্রুত বিকাশ হয়েছিল।

এতে কি কোনও পার্শ্ব প্রতিক্রিয়া আছে?

COVID-19 এর টিকা থেকে পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে তবে সেগুলি খুবই হালকা এবং কয়েক দিনের মধ্যে চলে যায়। সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলির মধ্যে মাংসপেশীর ব্যথা, মাথাব্যথা এবং জ্বর / ঠান্ডা লাগা সবথেকে বেশি দেখা যায়।

টিকা দেওয়ার পরে কোনও সম্ভাব্য অ্যালার্জির প্রতিক্রিয়ার জন্য আপনার পর্যবেক্ষণ করা হবে।

টিকাটি কি নিরাপদ?

টিকাদান নিরাপদ। এই রোগ হওয়া এবং সম্ভাব্য দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়ায় ভোগার তুলনায় টিকা নেওয়া বেশি নিরাপদ। লক্ষ লক্ষ কানাডাবাসীকে ইতিমধ্যেই এই টিকা দেওয়া হয়েছে এবং দেখা গেছে যে এই টিকা নিরাপদ। এই টিকা আপনার ডিএনএ পরিবর্তন করতে পারে না।

আপনার যদি গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়া অথবা দুর্বল প্রতিরোধ ক্ষমতার ইতিহাস থাকে, বা আপনি যদি গর্ভবতী হন তবে টিকা নেওয়ার আগে ডাক্তারের সাথে কথা বলুন।

19TOZERO

19টুজিরো-কে সাহায্য করার সুযোগ সম্পর্কে আরও তথ্যের জন্য, দয়া করে যোগাযোগ করুন: info@19tozero.ca
টিকা সম্পর্কে হালনাগাদ তথ্যের জন্য, দেখুন: canada.ca/covidvaccine

19 TO ZERO COVID-19 এর বিরুদ্ধে সঙ্ঘবদ্ধ | www.19toZERO.ca